



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/6/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 'ওদের নাম বলুন' এজেন্ডা: 'পুলিশকে তাদের কাজ করতে হবে, কিন্তু তাদের নির্যাতন করার, ব্যথা দেওয়ার, অপয়োজনীয় বল প্রয়োগ করার অধিকার নেই' - 'ন্যায় বিচারের ক্ষেত্রে কোন বিলম্ব সহ্য করা হবে না' - এগুলি পাশ করার জন্য আবার ডাক দিয়েছেন

কুওমো: "পুলিশকে তাদের কাজ করতে হয়, জননিরাপত্তা রক্ষা করতে হয়। পুলিশি নির্যাতনও আছে। ক্ষমতার অপব্যবহারও আছে। বিক্ষোভকারীরা-বিক্ষোভকারীদের বেশিরভাগই শান্তিপূর্ণ-তারা ক্ষুধা। এটা ন্যায়নিষ্ঠ ক্ষুধা। আমি এমন কাউকে দেখতে পাচ্ছি না যে মিঃ ক্লয়েডের ভিডিও দেখে ক্ষুধা হবেন না। আমি বুঝতে পারি না ভিডিও টেপে সেই খুন কী ভাবে দেখে ক্ষুধা না হয়ে থাকবেন। আমি প্রথম দিন থেকে বলেছি আমি সেই ক্ষোভ ভাগ করে নিয়েছি।"

কুওমো: "আমি বাফেলোর পরেই বলেছিলাম, আমার মনে হয় DA-র এটা দেখা উচিত। আমি মনে করি, ভিডিওতে যা দেখেছি তার ভিত্তিতে, যে এক অপরাধমূলক দায়বদ্ধতা ছিল। আমি মনে করি মেম্বর এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নি যা করেছেন তা ঠিক এবং আমি তাদেরকে দ্রুত কাজ করার জন্য সাধুবাদ জানাই।"

কুওমো: "সমাজে ন্যায়বিচার নিয়ে বিলম্বের জন্য আর কোনো সহনশীলতা নেই। বিচার বিলম্বিত করা মানে বিচার প্রদান করতে অস্বীকার করা। আমার মনে হয় মিনেসোটায় তারা ঝামেলায় পড়েছিল যখন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বাড়িয়ে এসে বলেছিলেন, 'আচ্ছি, আমি দেখছি। আমি চিন্তা করছি। আমি এমন কিছু জানি যা আপনারা জানেন না।' মানুষ সেটা আর শুনবেন না। আপনি এমন কিছু জানেন যা আমি জানি না। আপনি যা জানেন তা আমাকে বলুন। আমি ভিডিওতে যা দেখলাম তার চেয়ে আলাদা যা জানেন তা আমাকে বলুন। আমি ভিডিওটা দেখলাম। আমি দেখলাম কী হয়েছে।"

এর আগে আজ একটি দৈনিক প্রেস ব্রিফিংয়ে, গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো 'তাদের নাম বলুন' সংস্কার এজেন্ডা প্রণয়নের জন্য তার আহ্বান নবায়ন করেন, বলেন পুলিশকে তাদের কাজ করতে হবে কিন্তু তাদের নির্যাতনের অধিকার নেই, এবং সমাজের বিলম্বিত ন্যায়বিচারের জন্য আর কোনো সহনশীলতা নেই।

'তাদের নাম বলুন' সংস্কার এজেন্ডাতে যা অন্তর্ভুক্ত:

- নাগরিক অধিকার আইনের 50-a সংশোধন করে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের পূর্ব শৃঙ্খলা রেকর্ডের স্বচ্ছতা অনুমোদন করা;
- আইন প্রয়োগকারী কর্মকর্তার দ্বারা দম আটকে যায় এমনভাবে ধরা নিষিদ্ধ করা;
- জাল বর্ণ ভিত্তিক 911 রিপোর্ট নিষিদ্ধ করা এবং সেগুলিকে অপরাধ বানানো; এবং
- আইন বলবতকারীদের কারণে নিরস্ত নাগরিকদের মৃত্যুর সাথে সম্পর্কিত বিষয়গুলির জন্য একজন অ্যাটার্নি জেনারেলকে স্বাধীন প্রসিকিউটর হিসাবে মনোনীত করা।

গভর্নরের বক্তব্যের ভিডিও ইউটিউবে দেখা যাবে এখানে এবং (h.264, mp4) ফরম্যাটে টিভির মানসম্পন্ন **ভিডিও** দেখা যাবে [এখানে](#)।

আজকের মন্তব্যের **অডিও** পাওয়া যাবে, [এখানে](#)।

ছবিগুলি গভর্নরের ফ্লিকার [পেজে](#) উপলব্ধ হবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)